কুষ্টিয়ায় নির্বাচনী প্রচারণায় বিএনপি-জামায়াত সংঘর্ষে আহত ৬



কুষ্টিয়া বিএনপি-জামায়াত সংঘর্ষ। ছবি: সংগৃহীত

কুষ্টিয়ার খোকসা এলাকায় নির্বাচনি প্রচারকে কেন্দ্র করে বিএনপি ও জামায়াতের নেতাকর্মীদের মধ্যে সংঘর্ষের ঘটনা ঘটেছে। এতে দুই পক্ষের অন্তত ছয়জন আহত হয়েছেন বলে জানা গেছে।

বুধবার (৪ ফেব্রুয়ারি) ভোরে জয়ন্তীহাজরা ইউনিয়নের মাসলিয়া বাজার এলাকায় প্রথমে উত্তেজনা সৃষ্টি হয়। সকালে জামায়াত প্রার্থীর সমর্থনে কয়েকজন নারী কর্মী স্থানীয় বাসিন্দা আব্দুর রহমানের বাড়িতে ভোট চাইতে গেলে বিএনপি কর্মীদের সঙ্গে তাদের বাকবিতণ্ডা হয়।

এর জের ধরে সকাল সাড়ে সাতটার দিকে বাজার এলাকায় উভয় দলের কর্মীরা লাঠিসোঁটা ও হকি স্টিক নিয়ে সংঘর্ষে জড়িয়ে পড়েন। এতে বিএনপির নিজাম, রেন্টু মাল ও হাবিব এবং জামায়াতের সিরাজুল ইসলাম, মাসুম বিল্লাহ ও এস এম আবু দাউদ আহত হন।

স্থানীয়দের সহায়তায় আহতদের দ্রুত হাসপাতালে নেওয়া হয়। বিএনপি কর্মীদের খোকসা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে এবং জামায়াতের নেতাকর্মীদের কুমারখালী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়েছে। তারা চিকিৎসাধীন রয়েছেন।

কুষ্টিয়া-৪ আসনে জামায়াতের প্রার্থী আফজাল হোসেন দাবি করেন, তাদের প্রচারে বাধা দেওয়া হয়েছে এবং কর্মীদের ওপর হামলা চালানো হয়েছে। তিনি এ ঘটনার প্রতিবাদ জানান।

অন্যদিকে বিএনপি প্রার্থী সৈয়দ মেহেদী আহমেদ রুমীর পক্ষে বিএনপি নেতা আব্দুর রাজ্জাক বাচ্চু ঘটনার নিন্দা জানিয়ে দোষীদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়ার আহ্বান জানান।